



একনজরে তথ্য

নাম লেখানোর সময়সীমা

আপনি বছরের কোন সময়ে কোনো স্বাস্থ্য প্লানে নাম লেখাতে পারবেন তা আপনি যে ধরনের স্বাস্থ্য প্লানের জন্য বিবেচিত হচ্ছেনতার উপরে নির্ভরশীল।

আপনার কেন NY State of Health এর মাধ্যমে কোনো স্বাস্থ্য প্লানে নাম লেখানো উচিত?

স্বাস্থ্য বিমায় নাম লেখানোর পিছনে অনেক কারণ রয়েছে এবং NY State of Health সামগ্রিক, কম খরচের কভারেজ কেনার এবং নাম লেখানোর কাজকে সহজ করে তুলছে। অনেক স্বাস্থ্য প্লানের মধ্য থেকে বেছে নিতে পারবেন। আপনি একজন প্রশিক্ষিত সহকারীর কাছ থেকে সাহায্য পেতে পারবেন। এবং, আপনি বিনামূল্যে কভারেজ পাওয়ার জন্য বিবেচিত হতে পারেন বা আপনার কভারেজের খরচ মেটাতে আর্থিক সাহায্য পেতে পারেন।

NY স্টেট অফ হেলথ কোন ধরনের প্লান দিয়ে থাকে?

NY State of Health থেকে আপনি **Medicaid**, **Child Health Plus**, **দ্য এসেম্বলি প্লান**, এবং **কোয়ালিফায়েড হেলথ প্লান** কিনতে পারবেন এবং তাতে নাম লেখাতে পারবেন।

আমি কখন নাম লেখাতে পারব?

আপনি কখন নাম লেখাতে পারবেন তা আপনি কোন প্রোগ্রামের জন্য বিবেচিত হচ্ছেন তার উপরে নির্ভরশীল, যা আপনার বয়স, আয় এবং অন্যান্য বিষয়ের উপরে নির্ভরশীল। আপনি এই সমস্ত প্লানের জন্য বিবেচিত হলে তাতে নাম লেখানোর সুবিধা সারা বছর ধরেই রয়েছে:

- Medicaid
- Child Health Plus
- এসেম্বলি প্লান

আপনি **কোয়ালিফায়েড হেলথ প্লান** এর জন্য বিবেচিত হলে তাতে বার্ষিক নাম লেখানোর উন্মুক্ত সময়সীমা, বা নাম লেখানোর বিশেষ সময়সীমার ভিতরে নাম লেখাতে পারবেন।

আমেরিকান ইন্ডিয়ান এবং আলাস্কা নোটিভেরা NY State of Health এর যেকোনো প্রোগ্রামে বছরের যেকোনো সময়ে নাম লেখাতে পারবেন।

নাম লেখানোর উন্মুক্ত সময়সীমা কী?

নাম লেখানোর উন্মুক্ত সময়সীমা হল - সাধারণত বছরের নভেম্বর থেকে জানুয়ারি মাস - আপনি এই সময়ে কোনো কোয়ালিফায়েড হেলথ প্লানে নাম লেখাতে পারবেন। আপনি এই সময়ের ভিতরে নাম না লেখালে, আপনাকে পরবর্তী নাম লেখানোর উন্মুক্ত সময়সীমার জন্য অপেক্ষা করতে হবে। তবে এর কিছু ব্যতিক্রম আছে। আপনি নাম লেখানোর বিশেষ সময়সীমার জন্য বিবেচিত হলে আপনি হয়তো নাম লেখানোর উন্মুক্ত সময়সীমার পরেও কোনো কোয়ালিফায়েড হেলথ প্লানে নাম লেখাতে পারবেন।



অনলাইনে
nystateofhealth.ny.gov



ফোন নম্বর
 1-855-355-5777

TTY
 1-800-662-1220



সহরীরে কোনো সহকারীর সঙ্গে দেখা
 করুন

NY স্টেট অফ হেলথ সমস্ত প্রয়োজ্য ফেডেরাল নাগরিক অধিকারের আইনগুলি অনুসরণ করে এবং জাতি, গায়ের রঙ, জাতীয়তার উৎস, লিঙ্গ পরিচয়, বয়স বা অক্ষমতার ভিত্তিতে এর স্বাস্থ্য বিষয়ক কর্মসূচী এবং কাজকর্মের ক্ষেত্রে বৈষম্যমূলক আচরণ করে না।

নাম লেখানোর বিশেষ সময়সীমা কী?

নাম লেখানোর বিশেষ সময়সীমা হল যখন কারোর কোনো বিশেষ লাইফ ইভেন্ট রয়েছে (যাকে “কোয়ালিফায়িং লাইফ ইভেন্ট” বলা হয়) যার কারণে তিনি নাম লেখানোর উন্মুক্ত সময়সীমার পরেও কোয়ালিফায়েড হেলথ প্লানে নাম লেখাতে পারবেন বা কভারেজ পরিবর্তন করতে পারবেন।

কী কোয়ালিফায়িং লাইফ ইভেন্ট কাউকে নাম লেখানোর বিশেষ সময়সীমার সুবিধা দিতে পারবে?

কোয়ালিফায়িং লাইফ ইভেন্টগুলির মধ্যে রয়েছে:

- স্বাস্থ্য বিমা আর না থাকা (আপনি আপনার বিমার প্রিমিয়াম দেননি -এই কারণ ছাড়া অন্য কারণে)
- নিউ ইয়র্ক স্টেটে স্থায়ী ভাবে চলে আসা বা স্টেটের এমন কোথাও চলে আসা যেখানে আপনার কাছে নতুন স্বাস্থ্য প্ল্যান উপলব্ধ করানো হচ্ছে
- বিয়ে বা একসাথে গার্হস্থ্য জীবন কাটানো (আপনার কাছে গত 60 দিনের মধ্যে অবশ্যই অন্যান্য কভারেজ থাকতে হবে)
- বিবাহ বিচ্ছেদ বা আইনত আলাদা থাকা
- অন্তঃস্বপ্না, কোনো হেলথ কেয়ার প্র্যাকটিশনার যা সার্টিফাই করেছেন
- বাচ্চা জন্ম হওয়া বা বাচ্চা দত্তক নেওয়া, বা বাচ্চাকে কোনো ফুস্টার কেয়ারে রাখা
- আপনার কোয়ালিফায়েড হেলথ প্ল্যান কভারেজের জন্য অর্থের খরচ মেটাতে পাওয়া সাহায্যের যোগ্য হয়ে ওঠা বা অযোগ্য হয়ে যাওয়া
- একজন বাসিন্দা, নাগরিক বা আইনত বসবাস করা ব্যক্তি হয়ে যাওয়া

সাধারণভাবে, আপনাকে NY State of Health কোনো কোয়ালিফায়িং লাইফ ইভেন্টের কথা অবশ্যই 60 দিনের ভিতরে জানাতে হবে। আপনাকে আপনার নতুন স্বাস্থ্য প্লানে অথবা NY প্রদেশ স্বাস্থ্য বিভাগে আপনার কোয়ালিফায়িং লাইফ ইভেন্টের প্রমাণপত্র দিতে হতে পারে।

আমি কোন প্রোগ্রামের জন্য বিবেচিত হব তা আমি কীভাবে জানতে পারি?

আপনি স্বাস্থ্য কভারেজের জন্য বিবেচিত হবেন কিনা তা জেনে নেওয়ার তিনটি সহজ উপায় রয়েছে:

- nystateofhealth.ny.gov এ অনলাইনে দরখাস্ত করুন
- 1-855-355-5777 নম্বরে গ্রাহক পরিষেবা কেন্দ্রে ফোন করুন
- সশরীরে কোনো সহকারীর সঙ্গে দেখা করুন



অনলাইনে
nystateofhealth.ny.gov



ফোন নম্বর
1-855-355-5777

TTY
1-800-662-1220



সশরীরে কোনো সহকারীর সঙ্গে দেখা
করুন

আমরা আপনাকে নাম লেখানোর প্রক্রিয়া জানাবো, আপনি কোন প্রোগ্রামের জন্য বিবেচিত হচ্ছেন এবং কখন নাম লেখাতে পারবেন তা আপনাকে জানাবো। সব ভাষাতেই সহায়তা উপলব্ধ রয়েছে।